গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.০০.১৮০.১৫ /১০৫১ তারিখঃ ০৯-০১-২০২৪ইং

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ মোঃ আমিনুল ইসলাম, প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিষয়ঃ জেডিপিসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে ই-ফাইলে নোট নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জেডিপিসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে ৪.১.১ নং সূচকের কার্যক্রম অনুযায়ী ই-ফাইলে (অক্টোবর থেকে ডিসেম্বর) নোট নিষ্পত্তির হার ৯৩.৬৭%। এ সংক্রান্ত প্রতিবেদন (সমন্বয় সভার কার্যবিবরনীসহ) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

09.01.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, ম
নিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১/৯৬১

তারিখ: ০৫ নভেম্বর ২০২৩

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ৩১ অক্টোবর/২০২৩ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ই-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | অক্টোবর-২০২৩ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ই-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০১ টি | ২৪টি | ২৫ টি | ৯৬% |

05.11.2023
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোছাঃ আকতারুন নেছা,সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

অক্টোবর ২০২৩ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ২৫ | ২৪ | ০২ | ০১ | - | - | চলতি মাসে প্রাপ্ত ২৫টি পত্রের মধ্যে ২৪টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০১টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, ম
নিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১ - ১৮১৫ তারিখ: ০৫ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ৩০ নভেম্বর/২০২৩ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | নভেম্বর-২০২৩ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ডি-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০২টি | ২০টি | ২২ টি | ৯০.৯০% |

05.12.2023
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোছাঃ আকতারুন নেছা,সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

নভেম্বর ২০২৩ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ২২ | ২০ | ০ | ০ | - | - | চলতি মাসে প্রাপ্ত ২২টি পত্রের মধ্যে ২০টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০২টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

# জেডিপিসি'র অক্টোবর ও নভেম্বর/২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | গোপাল চন্দ্র দাশ<br>যুগ্মসচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | জেডিপিসি'র সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১৬-১১-২০২৩খ্রিঃ, দুপুর ০২:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃপরিশিষ্ট-'ক'।

২। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩। আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১ | জেডিপিসি'র সেপ্টেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সেপ্টেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | জেডিপিসি'র সেপ্টেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ৩.২ | জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের আধুনিকায়নের প্রয়োজনীয় ব্যবস্থা। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকায় ক্রেতা/দর্শনার্থীগণ প্রায়ই অভিযোগ করে থাকেন। তাছাড়া বহুমুখী পাটপণ্য সামগ্রী অতি গরমে নষ্ট হয়ে যায়। এ লক্ষ্যে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা প্রয়োজন।<br><br>সভাপতি জানান, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের নান্দনিকতার ছোঁয়া আনয়নের লক্ষ্যে প্রডাক্ট রেক বার্নিশ করা যেতে পারে। প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/দর্শনার্থীদের থেকে সেরা ভাগ্যবান ব্যক্তি নির্ধারণ করা হয়। তাছাড়া তিনি আরও বলেন, উদ্যোক্তাদের নিকট থেকে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাপ্ত প্রডাক্ট যাচাই-বাছাইপূর্বক স্টোরে মওজুদ করতে হবে এবং স্টোর ম্যানেজমেন্টের প্রতিবেদন নির্বাহী পরিচালক-এর নিকট প্রতিমাসে জমা দিতে হবে। | (ক) প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করতে হবে।<br>(খ) প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/দর্শনার্থীদের থেকে সেরা ভাগ্যবান ব্যক্তি জনাব দস্তগীর তাকির, জনাব মাহফুজুর রহমান এবং জনাব আশিক কুমারকে লটারীর মাধ্যমে নির্বাচন করা হলো।<br>(গ) উদ্যোক্তাদের নিকট থেকে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাপ্ত প্রডাক্ট যাচাই-বাছাইপূর্বক স্টোরে মওজুদ করতে হবে এবং স্টোর ম্যানেজমেন্টের প্রতিবেদন নির্বাহী পরিচালক-এর নিকট প্রতিমাসে জমা দিতে হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৩ | জেডিপিসিতে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের তথ্য সংরক্ষণ। | ম্যানেজার অপারেশন জনাব মোঃ জাফর সাদেক জানান, আগত ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সেবা সম্পর্কে ইতিবাচক মন্তব্য প্রদান করেন।<br><br>সভাপতি জানান, প্রতিমাসে যে সকল ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগমন করেন তাদের লিপিবদ্ধকৃত মতামত সভায় উপস্থাপন করতে হবে। | প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের সেবা সম্পর্কে মতামত লিপিবদ্ধ করে প্রাপ্ত মতামতের সার-সংক্ষেপ প্রতি সভায় উপস্থাপন করতে হবে। |
| ৩.৪ | Raw Material Bank (RMB) | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং ফাইন জুট ফেব্রিক্স (এফজেএফ) ক্রয় করার ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। আগামী সপ্তাহের মধ্যে ফেব্রিক্স ও সুতা ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং এফজেএফ ক্রয়ের পরামর্শ প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স ও এফজেএফ ক্রয় সম্পন্ন করতে হবে। |
| ৩.৫ | ডি-নথি কার্যক্রম। | ব্যক্তিগত কর্মকর্তা জনাব হান্নান মিয়াজী জানান, জেডিপিসিতে প্রাপ্ত পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন করা হচ্ছে। চলতি মাসে অক্টোবর/২০২৩ মাসে ৯৬% এবং নভেম্বর/২০২৩ মাসে ৯০.৯০% কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন হয়েছে।<br><br>সভাপতি প্রাপ্ত পত্রসমূহ ডি-নথির মাধ্যমে উপস্থাপন করে কার্যক্রমের ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী কার্যক্রম ডি-নথিতে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নেঃ<br>জনাব আবদুল হান্নান মিয়াজী<br>পার্সোনাল অফিসার |
| ৩.৬ | প্রশিক্ষণ সংক্রান্ত। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী জেইএসসিগুলোতে উদ্যোক্তা প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। তাছাড়া বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মডিউল তৈরি করা প্রয়োজন।<br><br>সভাপতি জানান, জেইএসসিগুলোতে উদ্যোক্তা প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদানের উপযোগী খসড়া মডিউল তৈরিপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | (ক) জেইএসসিগুলোতে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>(খ) একটি খসড়া মডিউল তৈরিপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। |
| ৩.৭ | বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন। | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী জেলা এবং বিভাগীয় শহরে বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করা প্রয়োজন।<br><br>টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, জেডিপিসি প্রাঙ্গণে বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন করা হলে। উক্ত মেলা চলাকালীন সময়ে বিজেআরআই-এর সহযোগিতায় একটি প্রযুক্তিগত ওয়ার্কশপ আয়োজন করা যেতে পারে।<br><br>সভাপতি জানান, আগামী ৭, ৮ ও ৯ ডিসেম্বর/২০২৩ ময়মনসিংহ শহরে বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করা যেতে পারে। অনিবার্য কারণবশত যদি ময়মনসিংহ শহরে মেলা আয়োজন করা সম্ভব না হয়। তবে জেডিপিসি'র প্রাঙ্গণে মেলা আয়োজন করা যেতে পারে। | (ক) জেডিপিসি প্রাঙ্গণে বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন করা হলে প্রযুক্তিগত ওয়ার্কশপ আয়োজন করতে হবে।<br><br>(খ) ময়মনসিংহ শহরে আগামী ৭, ৮ ও ৯ ডিসেম্বর/২০২৩ সময়ের মধ্যে বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করার বিষয়ে বর্তমান পরিস্থিতি বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৮ | উদ্যোক্তা নিবন্ধন। | পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া জানান, নিবন্ধন নবায়নের মেয়াদ ২০-১০-২০২৩ তারিখ শেষ হলেও এ পর্যন্ত প্রায় শতাধিক উদ্যোক্তা নিবন্ধন নবায়ন করেছেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-এর আওতায় মতবিনিময় সভায় আমন্ত্রণ করে নবায়নের কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে। এর পরও যদি কার্যক্রম শেষ না হয়, তবে গ্রুপ ভিত্তিক উদ্যোক্তাদের ব্যবসা প্রতিষ্ঠানে সরাসরি গিয়ে নবায়নের তথ্য সংগ্রহের কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে।<br><br>উদ্যোক্তাদের নিবন্ধন নবায়নের কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ক) উদ্যোক্তাদের নিবন্ধন নবায়নের কার্যক্রম চলমান থাকবে<br><br>খ) মতবিনিময় সভায় উদ্যোক্তাদের আমন্ত্রণ করে নবায়নের কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
| ৩.৯ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়া প্রয়োজন। | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক করতে হবে। |

৪। তাছাড়া সভাপতি মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান।

৫। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬-১১-২০২৩
(গোপাল চন্দ্র দাশ)
যুগ্মসচিব
ও
নির্বাহী পরিচালক, জেডিপিসি
ফোন-৪৮১২২২৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১ - ১০৪৭

তারিখ: ০৪ জানুয়ারী ২০২৪

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ৩১ ডিসেম্বর/২০২৩ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | ডিসেম্বর-২০২৩ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ডি-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০১ টি | ১৬টি | ১৭ টি | ৯৪.১১% |

04.01.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোছাঃ আকতারুন নেছা,সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

ডিসেম্বর ২০২৩ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ১৭ | ১৬ | ০২ | ০১ | - | - | ডিসেম্বর ২০২৩ মাসে প্রাপ্ত ১৭টি পত্রের মধ্যে ১৬টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০১টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

## জেডিপিসি'র ডিসেম্বর/২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | গোপাল চন্দ্র দাশ<br>যুগ্মসচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | জেডিপিসি'র সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ২১-১২-২০২৩খ্রিঃ, দুপুর ০২:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃ পরিশিষ্ট-'ক'।

২। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩। আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১ | জেডিপিসি'র নভেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | নভেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | জেডিপিসি'র নভেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ৩.২ | জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের আধুনিকায়নের প্রয়োজনীয় ব্যবস্থা। | পরিচালক (এমআরপি) জানান, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা হয়েছে। আগত ক্রেতা/ দর্শনার্থীদের জন্য ০১টি স্মার্ট টেলিভিশন স্থাপন করা হয়েছে। তাছাড়া প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/দর্শনার্থীদের থেকে সেরা ভাগ্যবান ব্যক্তি নির্বাচনপূর্বক পুরস্কার প্রদান করা হয়েছে।<br>সভাপতি জানান, উদ্যোক্তাদের নিকট থেকে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাপ্ত প্রডাক্ট যাচাই-বাছাইপূর্বক স্টোরে মওজুদ করতে হবে এবং স্টোর ম্যানেজমেন্টের প্রতিবেদন নির্বাহী পরিচালক-এর নিকট প্রতিমাসে জমা দিতে হবে। | উদ্যোক্তাদের নিকট থেকে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাপ্ত প্রডাক্ট যাচাই-বাছাইপূর্বক স্টোরে মওজুদ করতে হবে এবং স্টোর ম্যানেজমেন্টের প্রতিবেদন নির্বাহী পরিচালক-এর নিকট প্রতিমাসে জমা দিতে হবে। |
| ৩.৩ | জেডিপিসিতে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের তথ্য সংরক্ষণ। | ম্যানেজার অপারেশন জনাব মোঃ জাফর সাদেক জানান, আগত ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সেবা সম্পর্কে ইতিবাচক মন্তব্য প্রদান করেন।<br>সভাপতি জানান, প্রতিমাসে যে সকল ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগমন করেন তাদের লিপিবদ্ধকৃত মতামত সভায় উপস্থাপন করতে হবে। | প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের সেবা সম্পর্কে মতামত লিপিবদ্ধ করে প্রাপ্ত মতামতের সার-সংক্ষেপ প্রতি সভায় উপস্থাপন করতে হবে। |
| ৩.৪ | Raw Material Bank (RMB) | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং ফাইন জুট ফেব্রিক্স (এফজেএফ) ক্রয় করার ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।<br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং এফজেএফ ক্রয়ের পরামর্শ প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স ও এফজেএফ ক্রয় সম্পন্ন করতে হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৫ | ডি-নথি কার্যক্রম। | ব্যক্তিগত কর্মকর্তা জনাব হান্নান মিয়াজী জানান, জেডিপিসিতে প্রাপ্ত পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন করা হচ্ছে। চলতি মাসে ৯৪.১১% কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন হয়েছে।<br>সভাপতি প্রাপ্ত পত্রসমূহ ডি-নথির মাধ্যমে উপস্থাপন করে কার্যক্রমের ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী কার্যক্রম ডি-নথিতে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। |
| ৩.৬ | প্রশিক্ষণ সংক্রান্ত। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী জেইএসসিগুলোতে উদ্যোক্তা প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মডিউল তৈরি করা প্রয়োজন।<br>সভাপতি জানান, জেইএসসিগুলোতে উদ্যোক্তা প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদানের উপযোগী খসড়া মডিউল তৈরিপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | একটি খসড়া মডিউল তৈরিপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। |
| ৩.৭ | বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন। | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, পরিস্থিতি বিবেচনায় মেলা আয়োজন করা সম্ভব হয় নাই। কিন্তু বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করা প্রয়োজন।<br>টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বিজেআরআই-এর সহযোগিতায় একটি প্রযুক্তিগত ওয়ার্কশপ আয়োজন করা প্রয়োজন।<br>সভাপতি জানুয়ারী/২০২৪ মাসের মধ্যে জেডিপিসি'র প্রাঙ্গণে বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করার পরামর্শ প্রদান করেন। | (ক) জানুয়ারি/২০২৪ মাসের মধ্যে জেডিপিসি'র প্রাঙ্গণে বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করতে হবে।<br>(খ) বিজেআরআই-এর সহযোগিতায় একটি প্রযুক্তিগত ওয়ার্কশপ আয়োজন করতে হবে। |
| ৩.৮ | উদ্যোক্তা নিবন্ধন। | পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া জানান, উদ্যোক্তাদের নিবন্ধন নবায়নের কার্যক্রম চলমান রয়েছে।<br>উদ্যোক্তাদের নিবন্ধন নবায়নের কার্যক্রম চলমান রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | উদ্যোক্তাদের নিবন্ধন নবায়নের কার্যক্রম চলমান থাকবে। |
| ৩.৮ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়া প্রয়োজন। | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক করতে হবে। |

৪। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গোপাল চন্দ্র দাশ)
যুগ্মসচিব
ও
নির্বাহী পরিচালক, জেডিপিসি
ফোন-৪৮১২২২৩৭